

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৮৪৩

পর্ব-১৯: জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

### الْفَصْلُ الثَّانِي

আরবী

وَعَنْ أَبِي أَيُّوبَ سَمِعَ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «سَتُفْتَحُ عَلَيْكُمُ الْأَمْصَارُ وَسَتَكُونُ جُنُودَ مُجَنَّدَةٍ يُقَطَّعُ عَلَيْكُمْ فِيهَا بُعُوثٌ فَيَكْرَهُ الرَّجُلُ الْبَيْعَتَ فَيَتَخَلَّصُ مِنْ قَوْمِهِ ثُمَّ يَتَصَفَّحُ الْقَبَائِلَ يَعْزِضُ نَفْسَهُ عَلَيْهِمْ مَنْ أَكْفِيهِ بَعَثَ كَذَا أَلَا وَذَلِكَ الْأَجِيرُ إِلَى آخِرِ قَطْرَةٍ مِنْ دَمِهِ». رَوَاهُ أَبُو دَاوُدَ

বাংলা

৩৮৪৩-[৫৬] আবু আইয়ুব আল আনসারী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, শীঘ্রই তোমাদের হাতে বহু বড় বড় জনপদ বিজিত হবে এবং বহু সৈন্য-সামন্তের সমাবেশ ঘটবে। আর তোমাদের প্রতি বাধ্যতামূলক নির্দেশ থাকবে যে, তোমাদের প্রত্যেক গোষ্ঠী ও সম্প্রদায় হতে সাহায্যার্থে উক্ত সেনাবাহিনীতে লোক পাঠাতেই হবে। তোমাদের মাঝে এমনও ব্যক্তি হবে, এরূপ সেনাবাহিনীর অন্তর্ভুক্ত হয়ে যুদ্ধে অংশগ্রহণে অনিচ্ছা প্রকাশ করতঃ স্থায়ী বংশ ত্যাগ করে চলে যাবে। অতঃপর তারা এমন গোত্রের সন্ধানে থাকবে, যাদের নিকট নিজেকে অর্থের বিনিময়ে যুদ্ধে প্রবৃত্ত হবার জন্য মনোবাঞ্ছনা পেশ করবে। এমতাবস্থায় তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেন, সাবধান! অর্থের বিনিময়ে এরূপ জিহাদকারী তার শরীরের শেষ রক্তবিন্দু পর্যন্ত ভাড়াটিয়া মজুরের যোগ্য মাত্র। (আবু দাউদ)[1]

ফুটনোট

[1] য'ঈফ : আবু দাউদ ২৫২৫, মুসনাদ আহমাদ ২৩৫০০, য'ঈফ আল জামি' ৩২৫২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদীসে জিহাদে বের হওয়ার গুরুত্ব আলোচনা করা হয়েছে। প্রত্যেকটি কওম তথা জনগোষ্ঠী

থেকে নির্দিষ্ট কিছু লোক আবশ্যকীয়ভাবে জিহাদের জন্য বের হতে হবে।

بُعُوثُ এর অর্থ হলো সৈন্যদল। এখানে বুঝানো হয়েছে যে, তাদের জন্য প্রতিটি সম্প্রদায় থেকে জিহাদের জন্য সৈন্যদল প্রেরণ করা আবশ্যিক হবে।

মুযহির (রহঃ) বলেনঃ অর্থাৎ- ইসলাম যখন চারপাশে ছড়িয়ে পড়বে তখন কাফিররা চতুর্দিক থেকে শত্রু হিসেবে আসে, তখন তাদেরকে প্রতিহত করার জন্য মুসলিম শাসক কর্তৃক নির্দেশের অনুসরণার্থে চতুর্দিক হতে মুসলিম সৈন্যদল তাদের বিরুদ্ধে যুদ্ধের জন্য।

(فَيْكْرُهُ الرَّجُلُ الْبُعْثُ) এখানে বলা হয়েছে যে, একদল লোক কোনরূপ পারিশ্রমিক ছাড়া যুদ্ধে যেতে তখন অপছন্দ করবে। (মিরকাতুল মাফাতীহ)

এ বাক্যের ব্যাখ্যা হলো, এক শ্রেণীর লোক যুদ্ধে যাওয়ার ভয়ে তার নিজ সম্প্রদায়ের লোকেদের থেকে পৃথক হয়ে অন্য কোনো সম্প্রদায়ের সাথে এ মর্মে চুক্তি করতে চায় যে, তারা তাকে কোনো সম্পদ দিবে আর সে তাদের সহায়তা করবে।

হাদীসের শেষাংশে বলা হয়েছে, (أَلَا وَذَلِكَ الْأَجِيرُ إِلَى آخِرِ قَطْرَةٍ مِنْ دَمِهِ) এ কথা উদ্দেশ্য হলো, ঐ ব্যক্তি জীবনের শেষ মুহূর্ত পর্যন্ত একজন শ্রমিক হিসেবেই পরিগণিত হবে; যোদ্ধা বা মুজাহিদ হিসেবে নয়। এ সম্পর্কে ইমাম খত্ভাবী বলেন, “আলোচ্য হাদীসের এ কথাটি থেকে প্রতীয়মান হয় যে, জিহাদে যাওয়ার জন্য কোনো পারিশ্রমিক বা পার্থিব কোনো প্রতিদানের চুক্তি করা জাযিয নেই; বরং হারাম”। (‘আওনুল মা’বুদ ৫ম খন্ড, হাঃ ২৫২২)

হাদীসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু আইয়ুব আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69170>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন